DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 20 Nov 2026, 05:44 PM

খেলা

হাসানের ক্যারিয়ারসেরা বোলিংয়ে অস্ট্রেলিয়াকে উড়িয়ে দিল বাংলাদেশ

প্রতিবেদক: ক্রিড়া ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



সংগৃহীত ছবি

ডারউইন টেস্টে দুর্দান্ত বোলিং করে অস্ট্রেলিয়ার ব্যাটিং লাইনআপে ধস নামিয়েছেন বাংলাদেশের পেসার হাসান মাহমুদ। তাঁর ক্যারিয়ারসেরা বোলিংয়ে মাত্র ১৯৮ রানে গুটিয়ে গেছে অস্ট্রেলিয়ার প্রথম ইনিংস। ৫৩ ওভার বল করে ৫৫ রান দিয়ে ৬ উইকেট নিয়েছেন হাসান।

অস্ট্রেলিয়ার ইনিংস শেষ হওয়ার পর মাঠ ছাড়ার সময় হাসানকে অভিনন্দন জানান সিরিজের ধারাভাষ্যকার ও অস্ট্রেলিয়ার কিংবদন্তি ক্রিকেটার অ্যাডাম গিলক্রিস্ট। এ সময় বাংলাদেশি পেসারের কাছে তাঁর অনুভূতি জানতে চান গিলক্রিস্ট।

জবাবে হাসান জানান, লাইন ও লেংথ ঠিক রেখে ধারাবাহিকভাবে বোলিং করাই তাঁর সাফল্যের মূল কারণ।

শুরু থেকেই অস্ট্রেলিয়ার ব্যাটিংয়ে চাপ তৈরি করে বাংলাদেশের বোলিং আক্রমণ। প্রথম সেশনেই স্বাগতিকদের চার উইকেট তুলে নেয়

বাংলাদেশ। উদ্বোধনী জুটিতে ৪৫ রান করা জেক ওয়েদারাল্ড ও ট্রাভিস হেড দুজনকেই ফেরান হাসান।

এরপর মারনাস লাবুশেনকে আউট করেন ইবাদত হোসেন। মধ্যাহ্নবিরতির ঠিক আগে ক্যামেরন গ্রিনকে মুশফিকুর রহিমের ক্যাচে পরিণত করেন তাসকিন আহমেদ।

দ্বিতীয় সেশনেও বাংলাদেশের বোলারদের দাপট অব্যাহত থাকে। ৫৬ রানের জুটি গড়ে অস্ট্রেলিয়ার ইনিংস সামাল দেওয়ার চেষ্টা করেছিলেন স্টিভেন স্মিথ ও অ্যালেক্স ক্যারি। তবে জুটি বড় হওয়ার আগেই ক্যারিকে বোল্ড করে ফেরান ইবাদত।

এরপর বিউ ওয়েবস্টার, প্যাট কামিন্স ও মিচেল স্টার্ক কেউই স্মিথকে দীর্ঘ সময় সঙ্গ দিতে পারেননি। অস্ট্রেলিয়ার হয়ে সর্বোচ্চ ৭১ রান করা স্মিথ শেষ পর্যন্ত বড় শট খেলতে গিয়ে ক্যাচ দিয়ে ফেরেন।

শেষ সেশনের শুরুতেই বাকি দুই উইকেট তুলে নেন হাসান। শেষ ব্যাটার নাথান লায়নকে আউট করে ক্যারিয়ারসেরা ছয় উইকেট পূর্ণ করেন বাংলাদেশের এই পেসার।

এর আগে টেস্টের এক ইনিংসে দুবার পাঁচ উইকেট নেওয়ার কীর্তি ছিল হাসানের। এবার ছয় উইকেট নিয়ে নিজের সেই সেরা রেকর্ডকে ছাড়িয়ে গেলেন তিনি।

বাংলাদেশের আলোচিত পেসার নাহিদ রানা চোটের কারণে এই সিরিজে নেই। তবে তাঁর অনুপস্থিতি বুঝতে দেননি হাসান, তাসকিন ও ইবাদত। হাসানের ছয় উইকেটের পাশাপাশি তাসকিন ও ইবাদত নিয়েছেন দুটি করে উইকেট।

সংক্ষিপ্ত স্কোর

অস্ট্রেলিয়া, প্রথম ইনিংস: ৫৩ ওভারে ১৯৮ রানে অলআউট

সর্বোচ্চ রান: স্টিভেন স্মিথ ৭১, জেক ওয়েদারাল্ড ২৩, ট্রাভিস হেড ২২

বাংলাদেশের বোলিং: হাসান মাহমুদ ৬/৫৫, ইবাদত হোসেন ২/৩৯, তাসকিন আহমেদ ২/৫৫

এ বিভাগের আরও খবর



১০ জন নিয়েও স্পেনকে হারাল ইংল্যান্ড, শেষ হলো ৪৩ ম্যাচের অপরাজিত যাত্রা

মাঠে একজন খেলোয়াড় কম নিয়েও স্পেনের বিপক্ষে সারণীয় জয় পেয়েছে ইংল্যান্ড। মাদ্রিদের মেত্রোপলিতানো স্টেডিয়ামে স্বাগতিকদের ৩-২ গোলে হারিয়ে দিয়েছ...



হামজা-ফারহানের নৈপুণ্যে শ্রীলঙ্কাকে উড়িয়ে গ্রুপ চ্যাম্পিয়ন বাংলাদেশ

সাফ চ্যাম্পিয়নশিপে দারুণ এক জয় তুলে নিয়েছে বাংলাদেশ। হামজা চৌধুরী ও ফারহান আলী ওয়াহিদের নৈপুণ্যে শ্রীলঙ্কাকে ৪-০ গোলে হারিয়ে □এ□ গ্রুপের চ্য...



গোলের খরা কাটাতে মোরছালিনকে ফেরানোর ভাবনা বাংলাদেশের

ভুটানের বিপক্ষে আক্রমণে আধিপত্য ছিল বাংলাদেশের। একের পর এক গোলের সুযোগও তৈরি হয়েছিল। কিন্তু সেসব সুযোগের বেশির ভাগই কাজে লাগাতে পারেনি দল। শ...



মিরপুর টেস্টে ৮ উইকেটে হারল বাংলাদেশ

মিরপুর টেস্টে ওয়েস্ট ইন্ডিজের কাছে ৮ উইকেটের বড় ব্যবধানে হেরেছে বাংলাদেশ। শনিবার (৩১ অক্টোবর) শেরে বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে চতুর্থ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/sports/hasaner-kjariyarsera-bolingye-ostreliyake-uriye-dil-bangladesh